ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৫৩৪

আগরতলা, ১ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“জিবি হাসপাতালে সাপের আতঙ্ক,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২২ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।এই সংবাদটির পরিপ্রেক্ষিতে,এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,জিবিপি হাসপাতালের পুরুষ মেডিসিন ওয়ার্ডের দুটি বিষধর সাপ দেখা গেছে-এই তথ্য সম্পূর্ণ ভিত্তিহীন। ঐ নির্দিষ্ট তারিখে বা সাম্প্রতিক কোনো দিনে/সপ্তাহে হাসপাতালের উক্ত স্থানে কোনো সাপ দেখা গেছে-এমন কোনো ঘটনা বা তথ্য জানা যায়নি।

******